"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিঘলিয়া, খুলনা।
www.digholia.khulna.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৪৭৪০.০০০০.০৮.০০১.২২ —১৩৪

তারিখ: ১০/০২/২০২২ খ্রি:।

ইজারা বিজ্ঞপ্তি নং- ০১/ ১৪২৯

## বাংলা ১৪২৯ সনের দিঘলিয়া উপজেলার হাট-বাজারের ইজারা বিজ্ঞপ্তি ।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত স্মারক নং ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০, ৬ আশ্বিন ১৪১৮ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রি: তারিখের হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা ইজারা পদ্ধতি এবং এ হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা মোতাবেক খুলনা জেলাধীন দিঘলিয়া উপজেলার "ক" তফসিল বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৯ সালের ০১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদান করা হবে। সেক্ষেত্রে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে সীল-মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ "খ" তফসিলে বর্ণিত সময়সূচি মোতাবেক জেলা প্রশাসক খুলনা মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়া, খুলনা অফিসার-ইন-চার্জ, দিঘলিয়া থানা, সোনালী ব্যাংক, দিঘলিয়া শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে দরপত্র (সিডিউল) সংগ্রহ করা যাবে এবং দরপত্র জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়া, খুলনা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় রক্ষিত দরপত্র বাক্সে জমা দেয়া যাবে। দাখিলকৃত দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন ) খোলা হবে। কোন হাট-বাজারের জন্য টেন্ডারে প্রাপ্ত সর্বোচ্চ দরসমূহ সংশ্লিষ্ট হাট-বাজারের কাঙ্খিত সরকারি মূল্য অপেক্ষা কম হলে এবং কোন কারনে দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণযোগ্য না হলে উক্ত হাটের ইজারা কার্যক্রম "খ" তফসিলে বর্ণিত সময়সূচি মোতাবেক পুনরায় পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে

### "ক" তফসিল (হাট-বাজারের তালিকা

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | অবস্থান | ১৪২৯ সনের কাঙ্খিত সরকারি দর | দরপত্র মূল্য |
|---|---|---|---|---|
| ১. | গাজীরহাট বাজার | গাজীরহাট ইউনিয়ন | ৩৫,৫১০/- | ৫০০/- |
| ২. | কোলাহাট | ,, | ৩,০৮,১৪২/- | ১,২০০/- |
| ৩. | ডোমরা হাট | ,, | ২৯,০৭০/- | ৫০০/- |
| ৪. | মাঝিরগাতী হাট | " | ৩২,৬৪৮/- | ৫০০/- |
| ৫. | বারাকপুর সন্যাসীর বাজার | বারাকপুর ইউনিয়ন | ২,১৫,৫৩৩/- | ১,০০০/- |
| ৬. | কামারগাতী হাট | " | ৩,৮৮৬/- | ৫০০/- |
| ৭. | পথেরবাজার | দিঘলিয়া ইউনিয়ন | ১,১৯,১৯২/- | ১,০০০/- |
| ৮. | বানিয়াঘাট বাজার | " | ৫৬৬/- | ৫০০/- |
| ৯. | ১ নং ষ্টার গেট বাজার | সেনহাটি ইউনিয়ন | ১২,৫৮৫/- | ৫০০/- |
| ১০. | চ্যাটাজী বাজার | ,, | ৯,৮৮৬/- | ৫০০/- |
| ১১. | ভট্রাচার্যের বাজার | ,, | ১৬,৯৬৫/- | ৫০০/- |
| ১২. | সুরমা বাজার | ,, | ২,৫৯০/- | ৫০০/- |
| ১৩. | সেনহাটি বাজার | ,, | ৬০,১৭৬/- | ৫০০/- |
| ১৪. | আড়ংঘাটা বাজার | আড়ংঘাটা ইউনিয়ন | ৫৯,০৯৮/- | ৫০০/- |

"খ" তফসিল

দরপত্র সিডিউল বিক্রয়, গ্রহণ ও খোলার সময়সূচি

| দফা/পর্ব | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ২৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রি: রবিবার বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ সোমবার দুপুর ১.০০ পর্যন্ত | ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ সোমবার বিকাল ৩.০০ টা |
| ২য় | ০৬ মার্চ,২০২২ খ্রি: রবিবার বিকাল ৫.০০ টা পর্যন্ত | ০৭ মার্চ, ২০২২ খ্রি: সোমবার দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৭ মার্চ ২০২২ খ্রি: সোমবার বিকাল ৩.০০ টা |
| ৩য় | ১৩ মার্চ, ২০২২ খ্রি: রবিবার বিকাল ৫.০০টা পর্যন্ত | ১৪ মার্চ, ২০২২ খ্রি: সোমবার দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৪ মার্চ, ২০২২ খ্রি: সোমবার বিকাল ৩.০০ টা |
| ৪র্থ | ১৬ মার্চ, ২০২২ খ্রি: বুধবার বিকাল ৫.০০টা পর্যন্ত | ২০ মার্চ, ২০২২ খ্রি: রবিবার দুপুর ১.০০ টা পর্যন্ত | ২০ মার্চ, ২০২২ খ্রি: রবিবার বিকাল ৩.০০ টা |
| ৫ম | ২৭ মার্চ ২০২২ খ্রি: রবিবার বিকাল ৫.০০ | ২৮ মার্চ ২০২২ খ্রি: সোমবার দুপুর ১.০০টা পর্যন্ত | ২৮ মার্চ ২০২২ খ্রি: সোমবার বিকাল ৩.০০ টা |

শর্তাবলী:

১। বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হইতে ১৪২৯ সনের ৩০ চৈত্র ১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফ্ট/পে অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া, খুলনা এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরী বাতিল বলিয়া গন্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূলের সাথে সমন্বয় করা হইবে। বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্যকোন ক্ষতি সাধান করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারির বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩. যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করিতে হইবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্য্যক্রম গ্রহণ করা হইবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যর কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্বে ও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্যের চেয়ে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না।

৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৮. সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রসিদে টোল আদায় করা যেইবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হইবে।

১০. ইজারা সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা এক্ই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হইবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭.কর্তৃপক্ষ কোন কারণ দর্শানোর ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮. চুক্তি পত্রের যেকোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৯. হাট-বাজার ইজারার পরে কোন সমস্যার উদ্ভব হলে তা তাৎক্ষণিকভাবে সভাপতি, উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি তথা চেয়ারম্যান, উপজেলা পরিষদ দিঘলিয়া, খুলনাকে অবহিত করিতে হইবে।

সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত যে কোন আদেশ, পরিপত্রের নির্দেশনামতে গৃহীত ব্যবস্থাদি ইজারাদার প্রতিপালন করিতে বাধ্য থাকিবেন।

১০/০২/২০২২
(মোঃ মাহিবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
unodigholia@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪০.৪৭৪০.০০০.০৮.০০১.২২- ১৩৪ — তারিখঃ ১০/০২/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

২। জেলা প্রশাসক, খুলনা।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যাথে প্রেরণ করা হলো:

০১। উপজেলা নির্বাহী অফিসার,..............................(সকল) খুলনা।

০২। সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়া, খুলনা।

০৩। উপজেলা..........................................(সকল) কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য তার নোটিশ বোর্ডে টানিয়ে রাখার জন্য অনুরোধ করা হল।

০৪। চেয়ারম্যান,...........................................ইউপি (সকল) , দিঘলিয়া, খুলনা। (বিজ্ঞপ্তিটি তার এলাকায় হাট-বাজারসহ জনাকীর্ণ স্থানসমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .........................................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, দিঘলিয়া, খুলনা। তাকে উক্ত ইউনিয়ন ভূমি অফিসাধীন হাট বাজারে বিজ্ঞাপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৬। সভাপতি/ সম্পাদক...........................................বাজার কমিটি, দিঘলিয়া, খুলনা। উক্ত বিজ্ঞপ্তিটি হাট-বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। জনাব..........................................., প্রাক্তন ইজারাদার......................................................হাট-বাজার, দিঘলিয়া, খুলনা।

০৮। সম্পাদক,.....................................................................খুলনা তার পত্রিকায় স্বল্পপরিষরে ১ দিনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৯। নোটিশ বোর্ড সমূহ।

১০/০২/২০২২
(মোঃ মাহিবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
unodigholia@mopa.gov.bd